দূরালাপনী ঃ অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং ঃ ০৪১-২৮৫০৩৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি বি এল কলেজ, খুলনা

## ২০১৬ সালের ২য় বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

**বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।**

২য় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.edu.bd/202** থেকে **A4 Size** কাগজে প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে।

আবেদন ফরম জমার তারিখ ঃ

| অনার্স বিষয় | জমাদানের তারিখ | অনার্স বিষয় | জমাদানের তারিখ |
|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, পদার্থ, রসায়ন | ২০.১১.২০১৬ অকৃতকার্য/ গ্রেড উন্নয়ন | অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, মার্কেটিং, উদ্ভিদ, প্রাণিবিদ্যা | ২১.১১.২০১৬ অকৃতকার্য/ গ্রেড উন্নয়ন |
| দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, সমাজকর্ম, গণিত | ২২.১১.২০১৬ অকৃতকার্য/ গ্রেড উন্নয়ন | ভূগোল, পরিসংখ্যাণ, মনোবিজ্ঞান | ২৬.১১.২০১৬ অকৃতকার্য/ গ্রেড উন্নয়ন |
| বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, পদার্থ, রসায়ন | ২৩.১১.২০১৬ (নিয়মিত/অনিয়মিত) | অর্থনীতি, ইতিহাস, ইসঃ ইতিহাস, মার্কেটিং, উদ্ভিদ, প্রাণিবিদ্যা | ২৪.১১.২০১৬ (নিয়মিত/অনিয়মিত) |
| দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, সমাজকর্ম, গণিত | ২৭.১১.২০১৬ (নিয়মিত/অনিয়মিত) | ভূগোল, পরিসংখ্যাণ, মনোবিজ্ঞান | ২৬.১১.২০১৬ (নিয়মিত/অনিয়মিত) |

**নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি (বিশ্ববিদ্যালয় ও কলেজের অংশ) ঃ**

বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স = ৩৮৫৫/- টাকা। ইংরেজি = ৩৬০৫/=, পদার্থবিদ্যা, উদ্ভিদ, প্রাণি ও গণিত = ৪৪৪৫/- (গণিত বিষয়ে পরিসংখ্যান থাকলে ব্যবহারিক ফি বাবদ অতিরিক্ত ১৩০/= টাকা প্রদান করতে হবে), রসায়ন = ৪৫৯৫/- টাকা, পরিসংখ্যাণ=৪৭৭৫/-, মনোবিজ্ঞান-৪১৮৫/-, ভূগোল (বিজ্ঞান)= ৪৬৪৫/-, ভূগোল (কলা)=৪১৮৫/=।

**গ্রেড উন্নয়ন, এক বা একাধিক পত্র ও ইংরেজি (আবশ্যিক বিষয়) অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের জন্য ঃ** একপত্র হলে ১০০০/- এছাড়া অন্য কোন পত্র হলে পত্র প্রতি ২০০/= টাকা প্রদান করতে হবে। কোন ছাত্র-ছাত্রী তত্ত্বীয়পত্রে অর্ধপত্র থাকলে তাকে ৬০/= টাকা কম প্রদান করতে হবে।

**বিঃ দ্রঃ শিক্ষা সফর ফি বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ৫০/= টাকা হারে স্ব স্ব বিভাগ গ্রহণ করবেন।**

**নিয়মিতঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে শুধুমাত্র সেসব শিক্ষার্থী ২০১৬ সালের ২য় বর্ষ অনার্সের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিতঃ** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ২০১৪ সালের ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রকাশিত ফলাফলে যেসব শিক্ষার্থী Not Promoted হয়েছে তারা একই সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ফরম পূরণের সুযোগ পাবে, তবে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে পাস করা "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্সে ইচ্ছা করলে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৫ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted শিক্ষার্থীরা "C" বা "D"এবং "F" গ্রেড পাওয়া কোর্সগুলোতে পরীক্ষা দেবার সুযোগ পাবে। উল্লেখ্য, ২০১৬ সালে "C" বা "D"প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ না করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের আর কোন সুযোগ পাবে না।

গ্রেড উন্নয়নঃ

* ২০১৫ সালের ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা "C" এবং "D" গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

* যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড রয়েছে তারা ২০১৬ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

* সকল "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম শিক্ষার্থী "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন "B" গ্রেড এর বেশী প্রাপ্য হবে না। ১ম ও ২য় বর্ষে কোন কোর্সে "F" গ্রেড থাকলে ৪র্থ বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

চলমান

* ২০১৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted সেসব পরীক্ষার্থীকে অনুপস্থিত ১টি পত্রে ২০১৬ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।

* ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

**পাঠ্যসুচিঃ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।**

**পরীক্ষার আবেদন ফরম পূরণের নিয়মাবলী ঃ**

(ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে অনলাইন হতে গ্রহণ করে স্ব হস্তে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরাই দায়ী থাকবে।

(খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।

(গ) আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ০১ সেট ফটোকপি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(ঘ) আবেদন ফরমে নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীদের সকল পত্রের কোড (ব্যবহারিকসহ) শিরোনাম লিখতে হবে।

(ঙ) নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র ফটোকপি জমা দিতে হবে।

(চ) অকৃতকার্য ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ২য় বর্ষের প্রবেশপত্র ও ওয়েব সাইট থেকে প্রাপ্ত ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

(ছ) ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির নিচে রেজিস্ট্রেশন নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(জ) অনলাইন থেকে প্রাপ্ত Probable List ডাউন লোড করে নির্ভুলভাবে যাচাই পূর্বক বিভাগীয় প্রধানগণকে আবেদন ফরমে স্বাক্ষর প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হল।

(ঞ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ শিক্ষার্থীদের ফরম পূরণের সময় Software এর ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে। এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখায় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

স্ব স্ব বিভাগ কলেজ অফিসে জমাকৃত পরীক্ষার আবেদন আগামী ২৮.১১.২০১৬ খ্রি. তারিখে গ্রহণ করে ০১.১২.২০১৬ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করে ০২.১২.২০১৬ খ্রি. তারিখের কলেজ অফিসে পুনরায় জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল। অনলাইন বিবরণী অনুযায়ী আবেদন ফরম সাজিয়ে ০১ সেট বিবরণী বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে কলেজ অফিসে জমা দিতে হবে। অনলাইনে পরীক্ষার আবেদন ফরম ডাটা এন্ট্রি করার সময় কোন প্রকার সমস্যায় পড়লে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষ অনার্স শাখায় যোগযোগ করতে অনুরোধ করা হল।

**বিঃ দ্রঃ বেতন মওকুফের তালিকা আগামী ২০.১১.২০১৬ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।**

**ফরম পূরণের এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd তে পাওয়া যাবে।**

(প্রফেসর গুলশান আরা বেগম)
অধ্যক্ষ
সরকারি বি-এল কলেজ, খুলনা